সমকাল

তারিখ 04 JUN 2015
পৃষ্ঠা 2 কলাম ৩

# এমপিওভুক্তির কাজ হবে মাউশির ৯ আঞ্চলিক অফিসে

■ সমকাল প্রতিবেদক

বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্তির কাজ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের (মাউশি) ৯টি আঞ্চলিক অফিসের মাধ্যমে সম্পন্ন করা হবে। এ জন্য শিক্ষকদের আর ঢাকায় 'শিক্ষা ভবনে' আসতে হবে না। এতদিন এ কাজ মাউশির কেন্দ্রীয় অফিসের মাধ্যমে সম্পন্ন হতো। এমপিওভুক্তির কার্যক্রম বিকেন্দ্রীকরণ করে মঙ্গলবার এক পরিপত্র জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। এতে জানানো হয়, জাতীয় শিক্ষানীতি-২০১০ অনুযায়ী শিক্ষা ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণের অংশ হিসেবে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

মাউশির যে ৯টি আঞ্চলিক অফিসে এমপিওভুক্তির কাজ চলবে সেগুলো হলো– ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম, কুমিল্লা, সিলেট, রাজশাহী, রংপুর, বরিশাল ও খুলনা। এ জন্য শিক্ষক-কর্মচারীদের সব অফিসের আঞ্চলিক উপপরিচালক বরাবরে আবেদন করতে হবে। গত ১ মে থেকে এ সিদ্ধান্ত কার্যকর বলে পরিপত্রে উল্লেখ করা হয়েছে।

পরিপত্রে বলা হয়, সরকার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে কেন্দ্রীয়ভাবে এমপিও কার্যক্রম পরিচালনা করে আসছে। বর্তমানে এমপিও ব্যবস্থাপনা কার্যক্রমকে আরও গতিশীল, সুবিন্যস্ত ও স্বচ্ছ করতে এমপিও বিতরণ কার্যক্রম বিকেন্দ্রীকরণ প্রয়োজন।

■ পৃষ্ঠা ১৩ : কলাম ৪